গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mofood.gov.bd

বিষয় : সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) অনুযায়ী কার্যক্রম পরিদর্শন প্রতিবেদন।

পরিদর্শনকারী কর্মকর্তাবৃন্দ : ১। জনাব মোঃ ওমর ফারুক
অতিরিক্ত সচিব (প্রশাসন), খাদ্য মন্ত্রণালয়।
২। জনাব মোহাঃ হারুন-অর-রশীদ
উপসচিব, খাদ্য মন্ত্রণালয়।

পরিদর্শনের তারিখ : ৩০.০৬.২০২০ খ্রি.

পরিদর্শনের সময় : বেলা ২.৩০ মিনিট।

খাদ্য মন্ত্রণালয়ের ০৭.০৪.২০১৯ তারিখের ১৩.০০.০০০০.০২৫.০৬.০০১.১৯-৪০ নং স্মারক মূলে সিটিজেন চার্টার অনুযায়ী প্রদানকৃত নিম্নোক্ত সেবাসমূহ পরিদর্শন করা হয়।

(ক) পরিদর্শন কার্যক্রম নিম্নরূপ:

| ক্র: নং | সেবার বিষয় | সেবা প্রদান পদ্ধতি | সংশ্লিষ্ট শাখা | কার্যক্রম | উপস্থিত কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ |
|---|---|---|---|---|---|
| ১ | খাদ্য অধিদপ্তরের ১ম শ্রেণির কর্মকর্তাদের অর্জিত ছুটি ও পিআরএল অনুমোদন | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্রের মাধ্যমে | সংস্থা প্রশাসন অধিশাখা ও শাখা | কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরকারী আদেশ জারি করা হয়। আদেশের কপি ওয়েবসাইটে আপলোড করা হয়। | ড. শেখ নুরুল আলম, উপসচিব<br>জনাব মোঃ মশিউর রহমান খান, সিনিয়র সহকারী সচিব<br>জনাব মোঃ মতিউর রহমান, প্রশাসনিক কর্মকর্তা। |
| ২ | খাদ্য অধিদপ্তরের ১ম শ্রেণির কর্মকর্তাদের বদলী/পদায়ন | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্রের মাধ্যমে | ঐ | কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরকারী আদেশ জারি করা হয়। আদেশের কপি ওয়েবসাইটে আপলোড করা হয়। | ঐ |
| ৩ | খাদ্য অধিদপ্তরের ১ম শ্রেণির কর্মকর্তাদের জ্যেষ্ঠতা অনুযায়ী পদোন্নতি প্রদান | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্রের মাধ্যমে | | কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরকারী আদেশ জারি করা হয়। আদেশের কপি ওয়েবসাইটে আপলোড করা হয়। | |
| ৪ | ২০১৯-২০২০ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (RADP) এর খসড়া প্রণয়ন। | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্রের মাধ্যমে | পরিকল্পনা শাখা-১ | ২০১৯-২০২০ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (RADP) এর খসড়া প্রণয়ন করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | ১। জনাব মোহাম্মদ আবু কাউছার, সিনিয়র সহকারী প্রধান;<br>২। জনাব মোহাম্মদ সাহাদাত হোসেন, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর। |
| ৫ | খাদ্য মন্ত্রণালয়ের বাজেট সংক্রান্ত কার্যক্রম গ্রহণ | প্রস্তাবমত যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্রের মাধ্যম | বাজেট শাখা | অর্থ মন্ত্রণালয়ের সাথে সমন্বয় পূর্বক খাদ্য মন্ত্রণালয়ের ২০২০-২০২১ সালের বাজেট নির্ধারণ। | ১। জনাব মোঃ ইউনুছ পাটওয়ারী, বাজেট অফিসার;<br>২। জনাব দিপংকর সিকদার, প্রশাসনিক কর্মকর্তা (বাজেট); |
| ৬ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ১ম শ্রেণির কর্মকর্তাদের ছুটি ও বিদেশ ভ্রমণ অনুমোদন | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্রের মাধ্যমে | বাজেট-২ শাখা (বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ) | কর্তৃফক্ষের অনুমোদনক্রমে সরকারী আদেশ জারি করা হয়। আদেশের কপি ওয়েবসাইটে আপলোড করা হয়। | জনাব মোছাম্মাৎ তাহমিনা খানম, সহকারী সচিব<br>জনাব জুলকার নাঈন হেরা, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |
| ৭ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ১ম শ্রেণির | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে | | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিয়মিত কর্মকর্তা/ | ঐ |

| ক্র: নং | সেবার বিষয় | সেবা প্রদান পদ্ধতি | সংশ্লিষ্ট শাখা | কার্যক্রম | উপস্থিত কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ |
|---|---|---|---|---|---|
| | কর্মকর্তাদের পেনশন নিষ্পত্তিকরণ | পত্রের মাধ্যমে | | কর্মচারী না থাকায় এখনও পেনশন কার্যক্রম শুরু হয়নি। | |
| ৮ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ১ম শ্রেণির কর্মকর্তাদের প্রশিক্ষণ এবং শিক্ষা বিষয়ে অনুমোদন | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্রের মাধ্যমে | | মন্ত্রণালয়ের অনুমোদন যথাসময়ে প্রদান করা হয়েছে। তবে করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমনের কারণে এপ্রিল-জুন, ২০২০ সকল প্রশিক্ষণ স্থগিত করা হয়েছে। | ঐ |
| ৯ | ভ্রমণ ভাতা প্রদান | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চেকের মাধ্যমে | হিসাব শাখা | প্রদান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, খাদ্য মন্ত্রণালয় হতে প্রাপ্ত চেক সংশ্লিষ্ট রেজিস্টারে এন্ট্রি দিয়ে যথা সময়ে প্রাপককে হস্তান্তর করা হয়। প্রাপকের স্বাক্ষর গ্রহণ করা হয়। | ১। জনাব মোঃ এরশাদুল হক, হিসাবরক্ষণ কর্মকর্তা,<br>২। জনাব মোঃ মনোয়ার হোসেন, সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা (চ:দা:)<br>৩। জনাব মোঃ আব্দুর রাজ্জাক, ক্যাশিয়ার |
| ১০ | খাদ্য মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের বেতন, সম্মানীভাতাসহ অন্যান্য সকল বিলের কার্যক্রম | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চেকের মাধ্যমে | ঐ | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার সাথে সমন্বয় পূর্বক খাদ্য মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের বেতন, সম্মানীভাতাসহ মন্ত্রণালয়ের অন্যান্য আনুসাঙ্গিক বিল নিষ্পত্তিকরণ। | ঐ |
| ১১ | মন্ত্রণালয়ের ১ম শ্রেণির কর্মকর্তাদের যোগদান গ্রহণ | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের মাধ্যমে (ই-ফাইলে) | অভ্যন্তরীণ প্রশাসন-১ শাখা | পরিদর্শনকালে দেখা যায় জুন/২০২০ মাসে মন্ত্রণালয়ের ১ম শ্রেণির গবেষণা কর্মকর্তা ২জন এবং ডকুমেন্টেশন অফিসার ১ জনের যোগদান গ্রহণ করা হয়েছে। | ১। জনাব মোহাঃ হারুন-অর-রশীদ, উপসচিব<br>২।জনাব মোঃ মাজেদুল ইসলাম, অফিস সহ: কাম কম্পি: মুদ্রা: |
| .১২ | মন্ত্রণালয়ের ১ম শ্রেণির কর্মকর্তাদের নিয়োগ বিজ্ঞপ্তি জারী | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্রের মাধ্যমে (ই-ফাইলে) | ঐ | পরিদর্শনকালে দেখা যায় জুন/২০২০ মাসে মন্ত্রণালয়ের ১ম শ্রেণির গবেষণা কর্মকর্তা ১জন এবং সহকারী প্রোগ্রামার ১ জনের নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। | ঐ |
| ১৩ | মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রেরণ। | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্রের মাধ্যমে (ই-ফাইলে) | ঐ | মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ প্রশাসন-১ শাখার গুরুত্বপূর্ণ কার্যক্রমের উপর বার্ষিক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | ঐ |
| ১৪ | মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের ইন-হাউজ প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ | জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী প্রতি মাসে রুটিন মাফিক ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়। | ঐ | পরিদর্শনকালে ইন-হাউজ প্রশিক্ষণের নথিটি পর্যালোচনা করে দেখা যায় সর্বশেষ মার্চ মাসে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এর পর করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমনের কারণে এপ্রিল-জুন, ২০২০ সকল প্রশিক্ষণ স্থগিত করা হয়েছে। | ঐ |
| ১৫ | মন্ত্রণালয়ের কর্মকর্তা / কর্মচারীদের পেনশন মঞ্জুরী প্রদান | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্রের মাধ্যমে | ঐ | অগ্রাধিকার ভিত্তিতে কল্যাণ কর্মকর্তার সহযোগিতায় পেনশন মঞ্জুরী প্রদান কার্যক্রম সন্তোষজনক। | কল্যাণ কর্মকর্তা। |
| ১৬ | ভবিষ্য তহবিল হতে অগ্রিম গ্রহণ ও চূড়ান্ত উত্তোলন। | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্রের মাধ্যমে | অভ্যন্তরীণ প্রশাসন-২ শাখা | খাদ্য মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের ভবিষ্য তহবিল হতে অগ্রিম গ্রহণ ও চূড়ান্ত উত্তোলন সংক্রান্ত কার্যক্রম আবেদনকারীর | জনাব অনিমা রানী বিশ্বাস, উপসচিব<br>জনাব স্বপ্না ভদ্র, প্রশাসনিক কর্মকর্তা |

| ক্র: নং | সেবার বিষয় | সেবা প্রদান পদ্ধতি | সংশ্লিষ্ট শাখা | কার্যক্রম | উপস্থিত কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ |
|---|---|---|---|---|---|
| | | | | আবেদন অনুযায়ী দ্রুত নিষ্পত্তি করা হয়। | |
| ১৭ | খাদ্য মন্ত্রণালয়ের কোটাভূক্ত এ, বি ও সি শ্রেণির বাসা বরাদ্দকরণ। | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্রের মাধ্যমে | | খাদ্য মন্ত্রণালয়ের কোটাভূক্ত এ, বি ও সি শ্রেণির বাসা মন্ত্রণালয় ও খাদ্য অধিদপ্তরের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মকর্তা/কর্মচারীদের আবেদনের প্রেক্ষিতে জ্যেষ্ঠতা অনুযায়ী বরাদ্দকরণ। | ঐ |
| ১৮ | এসিআর সংক্রান্ত কার্যক্রম | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে | ঐ | খাদ্য অধিদপ্তরের কর্মকর্তাদের স্থায়ীকরণ, পদোন্নতি ও উচ্চতর স্কেল প্রদান এবং উপসচিব পদে পদোন্নতির জন্য এসিআর এর তথ্য প্রেরণ। | ঐ |

(খ)

| বর্তমান পরির্শনের সময় গৃহিত কার্যক্রম | মন্তব্য |
|---|---|
| ১। দৈবচয়নের ভিত্তিতে অভ্যন্তরীণ প্রশাসন-১, অভ্যন্তরীণ প্রশাসন-২ বাজেট, পরিকল্পনা-১, বাজেট-২ শাখা (নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ শাখা), সংস্থা প্রশাসন শাখা, হিসাব শাখায় চলমান নথিসমূহ হতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংশ্লিষ্ট নথি পর্যালোচনা করা হয়।<br>২। পর্যালোচনায় দেখা যায়, প্রাপ্ত প্রতিটি পত্রের বিষয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।<br>৩। সর্বমোট ১৮টি সেবা প্রদান বিষয়ে নথি পর্যালোচনা করা হয়। | পর্যালোচনায় দেখা যায় যে, নথিগুলোতে যথাযথভাবে ডিজিটাল নম্বর প্রদান করা হয়েছে। নথির নোটশীট এবং বিবেচ্য পত্র সমূহ যথাযথভাবে নোট অনুচ্ছেদ নম্বর, নোটশীটের পৃষ্ঠা নম্বর এবং পত্র পৃষ্ঠা নম্বর প্রদান করা হয়েছে। নথি যথাসময়ে উপস্থাপন করা হয়েছে। নথি রক্ষণাবেক্ষণ সন্তোষজনক মর্মে পরিদর্শনকালে পরিলক্ষিত হয়। তবে নথি সমূহের পৃষ্ঠা সংখ্যা ১০০ পৃষ্ঠার বেশি হলে সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর ৫১ (৪) অনুচ্ছেদ মোতাবেক দ্বিতীয় খন্ড নথি চালু করার জন্য নির্দেশনা প্রদান করা হ'ল। ফাইল কভারে স্কচটেপ ব্যবহার করার জন্যও বলা হ'ল। কিন্তু ফাইল কাভার বেশী ছিড়ে গেলে বা পুরাতন হলে নতুন কাভার সংযোজন করার জন্য পরামর্শ দেয়া হয়।<br>ফাইলের সাথে ফাইলবোর্ড ব্যবহার করা হচ্ছে না। ফলে ফাইলগুলো দ্রুত ছিড়ে যাচ্ছে। প্রতিটি ফাইলের সাথে ফাইল বোর্ড ব্যবহার করার জন্য নির্দেশনা দেয়া হয়।<br>এছাড়া করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমনের ফলে কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দুরত্ব বজায় রেখে সীমিত পরিসরে অফিসে আসার জন্য নির্দেশ প্রদান করা হয়। সম্ভব হলে সম্পূর্ণ দাপ্তরিক কার্যক্রম ই-নথিতে সম্পাদন করার পরামর্শ দেওয়া হয় এবং সভাসমূহ ভার্চুয়ার পদ্ধতিতে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। |

**সার্বিক মন্তব্য :** প্রতিশ্রুত ১৮ টি সেবা প্রদান কার্যক্রম অদ্য আকস্মিক পরিদর্শন করা হলো। পরিদর্শনকালে প্রতিশ্রুতি ১৮টি সেবা কার্যক্রম নির্ধারিত সময়ে ও মানসম্মতভাবে সেবা প্রদান করা হচ্ছে। তবে করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমনের ফলে প্রতিটি শাখায় জনবলের উপস্থিতি কম ছিল। সীমিত পরিসরে অফিস খোলা রেখে শাখার কার্যক্রম অধিকাংশই ই-নথিতে পরিচালনা হচ্ছে এবং প্রয়োজনীয় সভাসমূহ ভার্চুয়ার পদ্ধতিতে সম্পন্ন হচ্ছে । সেবা প্রদানের সার্বিক কার্যক্রম সন্তোষজনক।

৩০/৬/২০২০
(মোহাঃ হারুন-অর-রশীদ)
উপসচিব
খাদ্য মন্ত্রণালয়

৩০/৬/২০২০
(মোঃ ওমর ফারুক)
অতিরিক্ত সচিব
খাদ্য মন্ত্রণালয়।

নং-১৩.০০.০০০০.০১৩.১৬.০০১.১৪- ১৫০

তারিখ: ৩০.০৬.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), খাদ্য মন্ত্রণালয়।
৪। অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) ও টিম লিডার, এপিএ টিম, খাদ্য মন্ত্রণালয়।
৫। যুগ্মসচিব (প্রশাসন-১), খাদ্য মন্ত্রণালয়।
৬। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়।
৭। সহকারী সচিব (বার্ষিক কর্মসম্পাদন শাখা), খাদ্য মন্ত্রণালয়।
৮। জনাব/বেগম.........................................................................................

৩০/৬/২০২০
(মোহাঃ হারুন-অর-রশীদ)
উপসচিব
খাদ্য মন্ত্রণালয়।